

ভর্তির জন্য ১৩শ নির্বাচন বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারিজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ-এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি./বি.ফার্ম.(সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ১৩শ নির্বাচন ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হল। অপেক্ষমান ভর্তিচ্ছুগণ নিজ বিভাগওয়ারী অবস্থান অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে লগ-ইন করেও দেখে নিতে পারবেন।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ০৯-০১-২০২২ ও ১০-০১-২০২২ সকাল ১১:৩০ থেকে দুপুর ২:৩০ এর মধ্যে প্রকৌশল অনুষদে (ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন, কক্ষ নম্বর ৪১২) উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না। উল্লেখ্য যে, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের ভর্তি প্রক্রিয়া এর সমান্তরালে চলবে এবং এর জন্য পৃথক নোটিশ দেওয়া হবে।

অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে। ভর্তি চলাকালীন দিনগুলোতে এটি করা যাবে। পরবর্তী ট্রান্সফারের সময় বিবেচিত হওয়ার জন্য ১০ জানুয়ারি ২০২২ বিকাল ৩:০০টার পূর্বে এটি করতে হবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৫টা) প্রকৌশল অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০৭২১-৭১১২৫৫, ০১৯১৪-৩২৭১৪২)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রীয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে। এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচী অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
১৪শ নির্বাচন তালিকা	১১ জানুয়ারি ২০২২ অপরাহ্ন	১২-১৩ জানুয়ারি ২০২২

ভর্তিও সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,০৩৫.০০ টাকা (পাঁচ হাজার পয়ত্রিশ টাকা মাত্র) জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (০৮-০১-২০২২ সকাল থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিতে হবে।
- সকাল ১১:৩০ থেকে দুপুর ২:৩০ এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রকৌশল অনুষদ অফিস (কক্ষ নং ৪১২, ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন)-এ উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [জমা দিতে হবে]
 - এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে, স্বাক্ষরিত ভর্তি ফরমের দুইকপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে Transaction ID প্রকৌশল অনুষদের অফিসে জমা দিতে হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুল ভ্রান্তি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৬ জানুয়ারি, ২০২২

(প্রফেসর ড. আবু জাফর মুহাম্মদ তোহিদুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২০-২০২১ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, প্রকৌশল অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ডাচ্ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং রকেট (Rocket) একাউন্টের মাধ্যমে
সি ইউনিটের অনুষদ ফি পরিশোধের নিয়মাবলী

- Rocket Apps-এ Login করুন অথবা *৩২২# নম্বরে ডায়াল করুন।
- Bill Pay Option নির্বাচন করুন।
- সার্চ অপশনে বিলার আইডি 4074 সঠিকভাবে টাইপ করুন। Engineering Faculty, R.U. পাবেন।
- বিল নাম্বারের স্থানে ছাত্র-ছাত্রীর রোল নম্বর সঠিকভাবে টাইপ করুন।
- টাকার পরিমাণ (1000) টাইপ করুন।
- আপনার রকেট একাউন্টের গোপন পিন নম্বর টাইপ করুন।
- ফি প্রদান সম্পন্ন হলে Payment Slip প্রিন্ট করে অথবা ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপির উপর Transaction ID লিখে প্রকৌশল অফিসে জমা দিন।